

রবীন্দ্রনাথ কি সাম্প্রদায়িক ছিলেন?

রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী নিয়ে মুক্তমনার আয়োজন নিঃসন্দেহে প্রশংসার, অভিজিত রায় কে এজন্যে অসংখ্য ধন্যবাদ। রবীন্দ্রনাথ ঠাকুর সর্ম্পকে সবকিছু ভিন্ন ভিন্ন স্বাদের লেখা দিয়ে সাজানো হয়েছে এ শ্রদ্ধাঞ্জলি। এখান থেকে আমার মতো আরো অনেকেই যেমন বিজ্ঞান প্রেমিক রবীন্দ্রনাথের সমক্ষে জানতে পারবেন তেমনি জানতে পারবেন অসাম্প্রদায়িকতা সম্বন্ধেও। ছোটবেলা থেকেই রবীন্দ্রনাথ ঠাকুর সর্ম্পকে বিভিন্ন আলোচনায় এ প্রসংগ শুনে আসছি কবিগুরু মুসলমানদের প্রতি বিদ্বেষী ছিলেন। এতো বড় একজন কবি যার ছোয়া ছাড়া বাংলা সাহিত্য তথা সংস্কৃতি অর্পন হয়ে যায় তিনি মানুষের প্রতি বিদ্বেষী ছিলেন সেটা মন মানতে চাইত না। কিন্তু আরোপনকারীদের অব্যর্থ যুক্তি ছিল, "দ্যাখা কোন গল্প, উপন্যাস বা গানে রবীন্দ্রনাথ মুসলমানদের কথা লিখেছেন কিনা? যদিও কোন মুসলমানের চরিত্র আছে লেখায়, তাও আছে নিম্নশ্রেণীর চাকর-বাকরদের মতো।" আর এ কথার জবাব দেয়ার মতো কিছু ছিল না। বাঙ্গালী প্রাণের চিরদিনের রবীন্দ্রনাথ ধর্মীয় বিচারে তার উপন্যাসের নায়ক-নায়িকা আর তাদের জীবন একেছেন এটা মানসিকভাবে মেনে নেয়া সত্যি খুব কষ্টকর। ধন্যবাদ মেজবাহউদ্দিন জওহের সাহেবকে এদিকটাতে আলোকপাত করার জন্য। ঘটনার অন্যপিঠ জানাতে মানসিক যে কষ্ট ছিল কবিগুরুকে নিয়ে সেটা চলে গেলো।

আরো একটি বিষয় আমি এ লেখাতে যোগ করছি হয়তো কিছুটা অপ্রাংগিকভাবেই, বেশ কিছুদিন আগে (আমার ধারণা গত বছরের এ সময়টাতেই) আপনার একটা ধারাবাহিক লেখা প্রকাশ হচ্ছিল "প্রাগৈতিহাসিক কেচ্ছা" নামে। আপনার ছোটবেলার জীবনের বিবরণ। আমি এবং আমার মতো অনেকেই আপনার লেখা পরবর্তী পর্বের জন্য নিঃশ্বাস বন্ধ করে অপেক্ষা করে থাকতাম কবে বৃহস্পতিবারে আবার নতুন পর্ব আসবে। দশ পর্ব লিখেই আপনি হঠাৎ করে সেটা বন্ধ করে দিলেন যাতে আমরা সবাই খুব অবাক হয়েছি এবং দুঃখ পেয়েছি। আপনার কেচ্ছাগুলো পড়তে যেয়ে আমার নিজের ছোটবেলায় আমার দাদুর কাছে শোনা দাদুর ছোটবেলার "কিচ্ছা"র কথা মনে পড়ত। আমাদের ছোটবেলার থেকে তাদের ছোটবেলার এতই তফাৎ ছিলো যে দাদুর ছোটবেলার কিচ্ছা শুনে সেটাকে আমরা মনে মনে কিছুটা কার্টুন ছবির আদলে কল্পনা করতাম আর বাকীটা মনে মনে চাপা (বানানো) ভেবে নিতাম। কিন্তু আপনার লেখা পড়ে মনে হয়েছে হয়তো বানানো ছিল না, সত্যিই ছিল। যদি সম্ভব হয় আবার এ সিরিজটা শুরু করবেন। অনেকটাই বাকী রয়ে গেছিল আপনার সেই দামাল দিনের গল্পের।

অনেক অনেক ধন্যবাদ আপনাকে।

তানবীরা তালুকদার

০৯।০৫।০৬